

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।

সূত্রঃ শিলা/প্রশাসন/নিলাম/২০১৭/৬১

তারিখঃ ২৪-০৭-২০১৭

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা কাঠ সরবরাহকারী ঠিকাদার/ব্যবসায়ী/সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড এর অধিগ্রহণকৃত ভূমিতে কোম্পানী কর্তৃক রোপিত বিভিন্ন প্রজাতির ১৭৭ টি গাছ নিলামে বিক্রয়ের নিমিত্ত দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ১। গাছের পরিমাপ (কাঠের পরিমাণ, বন্নি/খুঁটি, জ্বালানী কাঠ) সংক্রান্ত যাবতীয় তথ্য দরপত্র দলিলে উল্লেখ রয়েছে।
- ২। এমজিএমসিএল এর হিসাব বিভাগ থেকে প্রতিটি দরপত্র দলিল ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) ০৩-০৮-২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয়/সংগ্রহ করা যাবে।
- ৩। দরপত্র দলিল (আবদ্ধ খামে) ০৬-০৮-২০১৭ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে দরপত্র বক্সে জমা দিতে হবে এবং একই দিন বেলা ১২:১৫ ঘটিকায় দরদাতা/প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বক্স খোলা হবে।
- ৪। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দরের ২৫% টাকা জামানত হিসেবে তফসিলি ব্যাংকের যে কোন শাখা হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে “মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড” এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। উল্লেখ্য, প্রাক্কলিত দরের চেয়ে কম দর উদ্ধৃত করলে বা প্রাক্কলিত দরের ২৫% অর্থাৎ ৩৬,০০০.০০ (ছত্রিশ হাজার) টাকার কম পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট দাখিল করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৫। দরদাতাকে দরপত্র দলিলের যাবতীয় শর্তাদি/ বিশেষ শর্তাদি পালনপূর্বক দরপত্র দাখিল করতে হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৬। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম প্রক্রিয়া বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

আহবায়ক

নিলাম কমিটি